

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৫ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : উপ-নির্বাহী পরিচালক

বিষয় : কোভিড-১৯ এ আক্রান্ত সংস্থার কর্মী অসুস্থ্যতা বিষয়ে নিজের পরিবারের একজন সদস্যকে সেবাদানের পূর্ব থেকেই ঠিক করে রাখা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছ যে, সংস্থা কোভিড-১৯ রোগে আক্রান্ত সংস্থার সকল কর্মীদের চিকিৎসা সহায়তা দেয়ার বিষয়ে ২২ জুন ২০২০ তারিখে জারিকৃত সার্কুলারটির কেউ কেউ অপব্যবহার করছেন। তাছাড়া আক্রান্ত কর্মীর আত্মীয় স্বজনকে সাথে না রেখে পুরো বিষয়টি সংস্থার উপর ছেড়ে দেন। তাই এ সংক্রান্ত বিষয়গুলো থেকে বিরত থাকার জন্য নিম্নলিখিত নির্দেশনাসমূহ আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. কোভিড-১৯ এর লক্ষণসমূহ দেখা দিলে বা কোভিড-১৯ এ আক্রান্ত হলে ফোনের মাধ্যমে প্রকল্প ব্যবস্থাপক/ আরপিসি, অফিস প্রধান, আঞ্চলিক করোনা ফোকাল, প্রধান কার্যালয় করোনা ফোকাল, উপ-নির্বাহী পরিচালক এবং নির্বাহী পরিচালকের সাথে যোগাযোগ করবেন। এ সময় কর্মী কেবল একটি মোবাইল নং ব্যবহার করবেন যাতে করে সে মোবাইল নথরে সবসময় তাকে পাওয়া যায়।
২. কোভিড-১৯ এ আক্রান্ত হলে পরিবার থেকে কে দায়িত্ব পালন করবেন তা পূর্বেই ঠিক করে রাখতে হবে এবং তার মোবাইল নং সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ককে দিয়ে রাখতে হবে। আক্রান্ত হলে পরিবারের সেই সদস্য অসুস্থ্য কর্মীর সকল বিষয়ে দেখভাল করবেন। এখানে উল্লেখ্য যে, সংস্থার কোন কর্মী অসুস্থ্য কর্মীর দেখভালের দায়িত্ব নেবেন না।
৩. অসুস্থ্যতার বিষয়সমূহ জানিয়ে কোস্ট ট্রাস্টের ডাক্তারগণের কাছ থেকে চিকিৎসা সেবা গ্রহণ করবেন এবং তাদের পরামর্শ অনুযায়ি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।
৪. ইতিমধ্যেই সংস্থা থেকে সার্কুলার জারি করা হয়েছে যে সংস্থায় কর্মরত কোন কর্মী কোভিড-১৯ এ আক্রান্ত হলে তার চিকিৎসার সকল খরচ সংস্থা বহন করবে।
৫. প্রত্যেক অফিস প্রধান তার অধিনস্থ কর্মীদের এ নির্দেশনাসমূহ জানানো নিশ্চিত করবেন এবং তারা যেন তা পালন করে তাও নিশ্চিত করবেন।
৬. এ সার্কুলারটি অন্তিভিলম্বে কার্যকর হবে এবং এ বিষয়ে কারো কোন দ্বিমত বা পরামর্শ থাকলে নিম্নে স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে অনুরোধ করছি।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কর্প